


# পরিমাপ বই, মূল্য তালিকা এবং শ্রমহার তফসিল

# Measurement Books, Price Sheet & Schedule of Labour Rates

ELECTRICAL INSTALLATION, PLANNING & ESTIMATING

## অধ্যায়-২

### ২.১ পরিমাপ বইয়ের বর্ণনা (Describe Measurement Books)

MB এর পূর্ণ অর্থ Measurement Book. পরিমাপ বই হলো বৈদ্যুতিক এস্টিমেটিং এর কাজের সবচেয়ে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক দলিল। কোনো প্রকল্পের বৈদ্যুতিক এস্টিমেটিং এর কাজ শুরু হতে শেষ পর্যন্ত করতে কত সময় লাগবে। এতে কত খরচ হবে, এতে কি পরিমাণ লেবার লাগবে, অন্যান্য যাবতীয় খরচ এতে উল্লেখ থাকে।

বৈদ্যুতিক এস্টিমেটিং এর যাবতীয় মালামালের পূর্ণ বিবরণসহ আইটেম ভিত্তিকভাবে MB তে উল্লেখ করা হয়। ঠিকাদারের কাজের ক্ষেত্রে ঠিকাদার নির্দিষ্ট সময় অন্তর অন্তর কাজের যে বিল করে থাকেন তা MB অনুযায়ী করে থাকেন। যদি বিলের কোনো আইটেম MB তে উল্লেখ না থাকে তাহলে প্রকৌশলী উক্ত আইটেমের বিলের জন্য সুপারিশ করতে পারেন না। যে জন্য MB তে প্রকল্পের কাজের সুস্পষ্ট হিসাব, প্রকৃত পরিমাপ, মালামালের পূর্ণ বিবরণসহ পরিমাণ, মালামাল গ্রহণ ও বিতরণের বিস্তারিত তথ্যাদি সংরক্ষণ করা হয়। যে বইয়ে বৈদ্যুতিক এস্টিমেটিং এর যাবতীয় তথ্যাদি নির্ভুলভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করা হয় তাকে MB বলে।

MB এর নমুনা ছক নিচে দেওয়া হলো–

▸ **পরিমাপ বই এর নমুনা ছক-১ :**

| বিস্তারিত বিবরণ (Particulars) | প্রকৃত পরিমাপের বিস্তারিত বিবরণ (Details of Actual Measurment) | | | | কার্য সমাপ্ত অংশ |
|---|---|---|---|---|---|
| | নং | দৈর্ঘ্য (L) | প্রস্থ (B) | গভীরতা (D) | |
| | | | | | |

▸ **পরিমাপ বই এর নমুনা ছক-২ :**

| ক্রমিক নং (বর্ণমালা ক্রম অনুসারে) | উপ-বিভাগ (Sub-Division) | কাজের বিবরণ (Particulars of Work) | | যাদের দ্বারা নির্ভুলভাবে সত্যায়িত (Certified) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | বিল্ডিং এর নাম | পাতা | বার্ষিক মেরামত প্রাক্কলন | | ঠিকাদারের বিল পরিশোধ | | |
| | | | | নাম ও পদবী | তারিখ | নাম ও পদবী | তারিখ | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| | | | | | | | | |